শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

১৭ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়
রংপুর সিটি কর্পোরেশন
রংপুর।
www.rpcc.gov.bd

স্মারক নং- ৪৬.১৮.০০০০.

তারিখঃ ০৫ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
১৭/১২/২০২৩ খ্রিষ্টাব্দ

## সভার নোটিশ

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সিটি কর্পোরেশনের নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা অনুসারে রংপুর সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায়ে গঠিত ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (ডব্লিউএলসিসি) এর সভা আগামী ২০/১২/২০২৩ ইং তারিখ সন্ধ্যা ০৭.০০ টায় কমিটির সভাপতি এবং ১৭ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ আব্দুল গাফফার এর সভাপতিত্বে তার কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় কমিটির সম্মানিত সকল সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ আব্দুল গাফফার)
কাউন্সিলর-১৭ নং ওয়ার্ড
ও সভাপতি
ডব্লিউএলসিসি-১৭ নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন

মোঃ আব্দুল গাফফার
কাউন্সিলর
ওয়ার্ড নং-১৭
রংপুর সিটি কর্পোরেশন, রংপুর।

……………………
……………………
…………………….....

স্মারক নং- ৪৬.১৮.০০০০.

তারিখঃ ১৪৩০ বঙ্গাব্দ
২০২২ খ্রিষ্টাব্দ

**বিতরণ (সদয় অবগতি এবং কার্যার্থে ):**

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
২। সহকারী প্রোগ্রামার, রংপুর সিটি কর্পোরেশন।
৩। প্রধান সহকারী, রংপুর সিটি কর্পোরেশন।
৪। অফিস নথি।

(মোঃ আব্দুল গাফফার)
কাউন্সিলর-১৭ নং ওয়ার্ড
ও সভাপতি
ডব্লিউএলসিসি-১৭ নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন

# ১৭ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়
# রংপুর সিটি কর্পোরেশন
রংপুর।

www.rpcc.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং- ৪৬.১৮.০০০০.

তারিখঃ ১৪৩০ বঙ্গাব্দ / ২০২৩ খ্রিষ্টাব্দ

## রংপুর সিটি কর্পোরেশনের ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)-১৭ নং ওয়ার্ড
## ১ম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ আব্দুল গাফফার, কাউন্সিলর, ১৭ নং ওয়ার্ড, রংপুর সিটি কর্পোরেশন। |
| পরিচালনায় | : মোঃ মনিরুল হাসান, উদ্যোক্তা ১৭ নং ওয়ার্ড, রংপুর সিটি কর্পোরেশন। |
| সভার স্থান | : ১৭ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়। ভগীবালাপাড়া, উপশহর, রংপুর সিটি কর্পোরেশন। |
| সময় | : সকাল ১১.০০ টা |
| উপস্থিতি | : উপস্থিত সদস্য বৃন্দের তালিকা "পরিশিষ্ট ক" |

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে সালাম ও স্বাগত জানান। সভাপতি মহোদয়ের নির্দেশনা অনুযায়ী পবিত্র কোরআন থেকে তেলাওয়াত হয়। কমিটির সকল সদস্যগণকে নিজের পরিচয় দেয়ার জন্য অনুরোধ জানালে উপস্থিত সকলেই নিজের পরিচয় প্রদান করেন। সভাপতি বলেন, ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি গঠনের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে এ কমিটি গঠন করা হয়েছে। অতপর সভাপতি মহোদয় সভার কার্যক্রম পরিচালনা করার জন্য ওয়ার্ড সচিবকে অনুরোধ জানান।

ওয়ার্ড সচিব জনাব মোঃ মনিরুল হাসান সভা কার্যক্রম শুরু করেন। তিনি ওয়ার্ডলেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) গঠনের মূল উদ্দেশ্য সম্পর্কে উপস্থিত কমিটির সদস্যগণকে অবহিত করেন। তিনি বলেন সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায়ে যে সব সমস্যা রয়েছে সেগুলো চিহ্নিত করণ, নাগরিক সম্পৃক্ততা নিশ্চিতকরণ ইত্যাদি কার্যক্রমসমূহ এই কমিটির মাধ্যমে নগরবাসীকে অবহিত করা হবে। এবং এই কমিটির মাধ্যমে সিটি কর্পোরেশনের প্রান্তিক পর্যায়ের নাগরিকগণের প্রয়োজনীয় পরামর্শ গ্রহণ করা হবে।

ওয়ার্ড সচিব ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এর রুপরেখা তুলে ধরেন তিনি বলেন জাইকার সহযোগিতায় স্থানীয় সরকার বিভাগের সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা অনুযায়ি ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অব সিটি কর্পোরেশন-সিফোরসি প্রকল্পের মাধ্যমে গঠিত হয় এই ডব্লিউএলসিসি কমিটি' তিনি আরো বলেন এই কমিটিতে কাউন্সিলর মহোদয় সভাপতি, ওয়ার্ড সচিব সদস্য সচিব সদস্য হিসেবে রয়েছেন বিভিন্ন পেশাজীবি সংগঠনের প্রতিনিধি, ধর্মীয় প্রতিষ্ঠানের প্রতিনিধি, এনজিও প্রতিনিধি, ব্যবসায়ী প্রতিনিধি, গণমাধ্যমের প্রতিনিধি, সামাজিক/ সাংস্কৃতিক/যুব সংগঠনের প্রতিনিধি, সুশীল সমাজ, বেসরকারী খাত (শিল্প ও বানিজ্য), নারী প্রতিনিধি রয়েছেন।

অতঃপর ওয়ার্ড সচিব উপস্থিত সকল সদস্যগণের উদ্দেশ্যে উন্মুক্ত আলোচনা করার আহবান জানালে নিম্নরুপ আলোচনা হয়

- উন্মুক্ত আলোচনায় বক্তব্য দেন মোঃ আজাহার, বীর মুক্তিযোদ্ধা, তিনি বলেন দেশের দ্বিতীয় বৃহত্তম সিটি কর্পোরেশন রংপুর, এ সিটি কর্পোরেশনের উন্নয়ন বিচ্ছিন্নভাবে করলে সেই উন্নয়নের সুফল নাগরিকরা পাবে না, বরং নাগরিকগণের দুর্ভোগ বাড়বে এ জন্য চাই একজন দক্ষ নগরবিদ দিয়ে শত বছরের জন্য পরিকল্পনা করে সেই পরিকল্পনা মোতাবেক উন্নয়ন করা। তাহলে পরিকল্পিত নগর সেইসাথে টেকসই উন্নয়ন করা সম্ভব হবে।
- উন্মুক্ত আলোচনায় বক্তব্য দেন রংপুর সিডিসি ক্লাস্টার ফেডারেশনের সদস্য মোছাঃ রোকসানা আক্তার তিনি দরিদ্র মানুষের প্রতিনিধি হিসেবে তাকে কমিটিতে সদস্য রাখার জন্য ধন্যবাদ জানান। তিনি রংপুর সিটি কর্পোরেশনের মাধ্যমে সামাজিক উন্নয়নমুলক কর্মকান্ডকে আরো গতিশীল করতে এবং দারিদ্র জনগোষ্ঠির শিক্ষা, স্বাস্থ্য, কৃষি ও সামাজিক উন্নয়ন কর্মসুচির মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠির জীবনমান উন্নয়নের জন্য অনুরোধ করেন।
- জনাব মোঃ কাশেম, গণমাধ্যমকর্মী, আর.টি.ভি, বলেন নগরীতে রাস্তার পাশের অবৈধ স্থাপনা উচ্ছেদে রংপুর সিটি কর্পোরেশনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর মাধ্যমে অভিযান পরিচালনা কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান। তিনি নগরীর ১ নং এম.পি চেকপোষ্ট মোড় হতে ৩ নং এম.পি চেকপোষ্ট মোড় পর্যন্ত রাস্তার পাশে গড়ে ওঠা পাকা-আধাপাকা অবৈধ স্থাপনা এবং ফুটপাথে গড়ে ওঠা টং দোকানসমূহ উচ্ছেদ করার জন্য অনুরোধ জানান। বিশেষ করে ১ নং চেকপোষ্ট থেকে খলিফাপাড়া পর্যন্ত বৌবাজারগামী রাস্তাটি মাত্র ১০ ফিট ও রাস্তার পাশে খোলা ড্রেন থাকায় প্রায়শই চলাচলে সমস্যা হয় বিশেষ করে স্কুল ও অফিসগামী মানুষ ভোগান্তির স্বীকার হয় তাই রাস্তাটি সম্প্রসারন অতীব জরুরী।
- বিশিষ্ট সমাজ সেবক জনাব মোঃ আকবর আলী বলেন কেবল বস্তুগত উন্নয়ন নয়, উন্নয়নে মানবিক দিকগুলোকেও প্রাধান্য দিতে হবে। তিনি শিক্ষা খাতে বিনিয়োগে পরামর্শ দেন, যাতে ভবিষ্যৎ প্রজন্ম উন্নয়ন কার্যক্রমের সবচেয়ে বড় সুফলভোগী হয়। বিশেষ করে ভগী মৌজায় কোন সরকারী প্রাথমিক বিদ্যালয় না থাকায় একটি প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠার প্রতি গুরুত্ব আরোপ করেন। স্বাস্থ্য কার্যক্রমেও প্রসার ঘটাতে তিনি পরামর্শ দেন। তাহলে আগামী প্রজন্ম সুশিক্ষিত, সুস্বাস্থ্যবান হবে।

বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ০১ | বর্জ্য ব্যবস্থাপনায় নাগরিকদের ভূমিকাকে প্রাধান্য দিয়ে বর্জ্যসমূহ উৎসে পৃথকীকরণ অর্থাৎ পচনশীল, অপচনশীল ঝুকিপূর্ণ বর্জ্যসমূহ পৃথক সংরক্ষণ এবং সিটি কর্পোরেশনের পরিচ্ছন্নতা কর্মীগনের নিকট হস্তান্তর করার বিষয়ে সিএলসিসির সদস্যগণকে জনগনের মাঝে প্রচারের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | |
| ০২ | নাগরিকদের বিভিন্ন সমস্যাসমূহ চিহ্নিতকরণ ও সমাধানে মতামতের উপর ভিত্তি করে সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এর মাধ্যমে সকল প্রকল্প প্রস্তাব গ্রহণ এবং বাস্তবায়নের বিষয়ে করা হলে তা অনেকটা যথোপযুক্ত হবে বলে তিনি মনে করেন | |
| ০৩ | নাগরিক পরিষেবার উন্নতিতে সকল শ্রেণি পেশার প্রতিনিধিদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে মতামত গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়েছে | |

পরিশেষে এ কমিটির (WLCC) সদস্যদের পরামর্শ অনুযায়ী কার্যক্রম পরিচালনা এবং সবার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আব্দুল গাফফার)
কাউন্সিলর-১৭ নং ওয়ার্ড
ও সভাপতি
ডব্লিউএলসিসি-১৭ নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন

মোঃ আব্দুল গাফফার
কাউন্সিলর
ওয়ার্ড নং-১৭
রংপুর সিটি কর্পোরেশন, রংপুর।

স্মারক নং- ৪৬.১৮.০০০০.

তারিখঃ ______ ১৪৩০ বঙ্গাব্দ
২০২২ খ্রিষ্টাব্দ

**অনুলিপি ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
২। সহকারী প্রোগ্রামার, রংপুর সিটি কর্পোরেশন।
৩। প্রধান সহকারী, রংপুর সিটি কর্পোরেশন।
৪। অফিস নথি।

(মোঃ আব্দুল গাফফার)
কাউন্সিলর-১৭ নং ওয়ার্ড
ও সভাপতি
ডব্লিউএলসিসি-১৭ নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

১৭ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়
রংপুর সিটি কর্পোরেশন
রংপুর।
www.rpcc.gov.bd

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সিটি কর্পোরেশনের নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা অনুসারে রংপুর সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায়ে গঠিত ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (ডব্লিউএলসিসি) এর সভা

সভার তারিখঃ ২০/১২/২০২৩ খ্রী.

| ক্রম | কমিটির সদস্যগণের নাম লিখবেন | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ আব্দুল গাফ্ফার | সভাপতি | |
| ০২ | মোছাঃ জাহেদা আনোয়ারী (লাকী) | সহ-সভাপতি | |
| ০৩ | মোঃ জোবের আলী | সদস্য | |
| ০৪ | মোঃ খতিব মিয়া | সদস্য | |
| ০৫ | মোঃ আকবর হোসের | সদস্য | |
| ০৬ | মোঃ সৈয়দ আলী | সদস্য | |
| ০৭ | মোঃ আবেদ আলী | সদস্য | |
| ০৮ | শাহ মোঃ ওবাইদুর | সদস্য | |
| ০৯ | মোঃ নাঈম ইসলাম | সদস্য | |
| ১০ | মোঃ বকুল মিয়া | সদস্য | |
| ১১ | মোঃ শাহ আলম | সদস্য | |
| ১২ | মোঃ সালাউদ্দিন পাপ্পু | সদস্য | |
| ১৩ | মোঃ মশিউর রহমান | সদস্য | |
| ১৪ | মোছাঃ রোকসানা আক্তার | সদস্য | |
| ১৫ | মোছাঃ নাছিমা বেগম | সদস্য | |
| ১৬ | মোঃ আজাহার | সদস্য | |
| ১৭ | মোঃ কাশেম | সদস্য | |
| ১৮ | মোঃ মনিরুল হাসান | সদস্য সচিব | |


ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটির সভা
সিটি কর্পোরেশন পরিচালনা ব্যবস্থা (গভর্ন্যান্স) উন্নয়ন কৌশলপত্র ২০৩০